

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০৩৫.২০২০. ৩৭

তারিখ:

২৮ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০২২ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব দিল আফরোজ বিনতে আছির (১৪৬৩৩), সহকারি পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা ও সদস্য-সচিব “ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় ১০ (দশ) টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্প” এর বিরুদ্ধে উক্ত প্রকল্পে সদস্য-সচিব হিসেবে ভূমি অধিগ্রহণ এর মূল্য তালিকা যাচাই বাছাইপূর্বক আর.ডি.পি.পি প্রস্তুতকালে যথাযথ দায়িত্ব পালন না করায় অসদাচরণের অভিযোগে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা বুজু করা হয়;

যেহেতু, গত ২১/০৯/২০২১ খ্রিস্টাব্দে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন মতে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে কর্তব্য অবহেলার অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে বিধায় তাকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তার লিখিত জবাব ও রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে ভবিষ্যতের জন্য “সতর্ক” করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব দিল আফরোজ বিনতে আছির (১৪৬৩৩), সহকারি পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে ভবিষ্যতের জন্য “সতর্ক” করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-

তারিখ: ১১/১০/২০২২

(মোঃ আবু বকর ছিদ্দীক)

সচিব


নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০৩৫.২০২০. ৩৭/০(৭)

তারিখ:

২৮ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব দিল আফরোজ বিনতে আছির এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। প্রকল্প পরিচালক, “ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় ১০(দশ) টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্প”।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপসচিব (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। প্রধান হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৭। জনাব দিল আফরোজ বিনতে আছির (১৪৬৩৩), সহকারি পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


(মোহাম্মদ আবু মাসের বেগ)
উপসচিব

ফোন: ২২২৩৩৫৪২৬৫